"দুটি সন্তানের বেশী নয়, একটি হলে ভাল হয়"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, নীলফামারী।
http://food.nilphamari.gov.bd
www.dgfood.gov.bd

# অকেজো মালামাল বিক্রির দরপত্র বিজ্ঞপ্তি

স্মারক নং ঃ ১৩.০৮.৭৩০০.০০৬.৪৯.০১৭.১৮-২২৩১ তারিখ ঃ- ১৯/০৯/২০১৮ খ্রিঃ

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অকেজো/ভাংচুর দ্রব্যাদি নিস্পত্তি সংক্রান্ত গঠিত দরপত্র কমিটির অধীন নীলফামারী জেলার ০৭ (সাত)টি এলএসডিতে রক্ষিত অকেজো মালামাল (যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে) বিক্রয়ের জন্য সীলমোহরকৃত খামে নিম্নে বর্ণিত শর্তাবলী স্বাপেক্ষে আগ্রহী ক্রেতাদের নিকট হতে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র জেলা খাদ্য নিয়ন্ত্রক, নীলফামারী কর্তৃক আগামী ০৪/১০/১৮খ্রিঃ তারিখ দুপুর ০১.৩০ ঘটিকা পর্যন্ত গৃহীত হবে এবং ঐ দিনই দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র কমিটির মাধ্যমে দরপত্র খোলা হবে। উল্লেখ্য দরপত্র খোলার তারিখে কোন দরপত্র বিক্রয় করা হবে না।

## -ঃ দরপত্র দাখিলের শর্তাবলীঃ-

১। দরপত্রদাতাগণ যেকোন দিন অফিস চলাকালীন সময়ে ব্যাক্তিগতভাবে সংশ্লিষ্ট গুদামে গিয়ে গুদাম কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করতঃ দরপত্র বিজ্ঞপ্তিভুক্ত মালামাল দেখতে পারবেন।

২। দরপত্র সিডিউল ক্রয়ের জন্য প্রতিসেট সিডিউলের মূল্য ৫০০/- (পাঁচশত) টাকা জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, নীলফামারী এর হিসাব শাখা হতে পাশকৃত চালানের মাধ্যমে ১৪২২৩২৮ নং কোডে সরকারি কোষাগারে জমাকরতঃ চালানের জমাকৃত মুল কপি অত্র দপ্তরে জমা প্রদান পূর্বক আগামী ০৩/১০/১৮খ্রিঃ তারিখ পর্যন্ত দরপত্রের সিডিউল ক্রয় করা যাবে।

৩। দরপত্র সিডিউল বিক্রয়ের ও জমা দেওয়ার স্থান জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, নীলফামারী।

৪। দরপত্র বিক্রয়ের শেষ তারিখঃ ০৩/১০/১৮খ্রিঃ অফিস চলাকালীন সময় পর্যন্ত।

৫। দরপত্র গ্রহণের তারিখঃ ০৪/১০/১৮ খ্রিঃ সকাল ১০.০০ হতে দুপুর ০১.৩০ ঘটিকা পর্যন্ত।

৬। দরপত্র খোলার তারিখঃ ০৪/১০/১৮খ্রিঃ বিকাল ০৩.৩০ ঘটিকা।

৭। দরপত্রের তালিকায় উল্লেখিত কেন্দ্রের প্রতিটি আইটেমের আলাদা আলাদা দর অংকে ও কথায় উল্লেখ পূর্বক কেন্দ্র ভিত্তিক মোট দর এবং সকল কেন্দ্রের সর্বমোট দর অংকে ও কথায় লিখতে হবে। দরপত্র বিজ্ঞপ্তিভুক্ত কোন কেন্দ্র বাদ পড়লে বা আংশিক দরপত্র দাখিল করলে উক্ত দরপত্র গ্রহণযোগ্য হবে না।

৮। কোনরূপ কাঁটাকাঁটি বা ঘষামাজা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

৯। দরপত্রে দরপত্রদাতার পূর্ণ নাম ঠিকানা স্বাক্ষর ও তারিখ স্পষ্টভাবে লিখতে হবে।

১০। দরপত্রদাতাকে জামানত স্বরূপ দরপত্রে প্রদত্ত মোট দরের ১০% হারে টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জেলা খাদ্য নিয়ন্ত্রক, নীলফামারী এর অনুকূলে বাংলাদেশের যে কোন সোনালী ব্যাংক হতে ক্রয় করে দরপত্রের সাথে দাখিল করতে হবে।

১১। দরপত্রদাতাকে দরপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর লিখতে হবে।

১২। দরপত্র গ্রহণের পর কমিটির চূড়ান্ত সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত প্রথম ও দ্বিতীয় সর্বোচ্চ দরদাতার জামানত নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা থাকবে।

১৩। দরপত্রে বর্ণিত পরিমাণ মালামল যে অবস্থায় পাওয়া যাবে সে পরিমাণ মালামালই দরপত্র দলিলে উল্লেখিত দরে গ্রহণ করতে বাধ্য থাকবে।

১৪। দরপত্রভুক্ত মালামালের গুণগত মান নিয়ে দরপত্র গ্রহণের পর কোন আপত্তি করা যাবে না।

১৫। দরপত্রের সাথে সিডিউল ক্রয়ের চালানের কপি এবং দরপত্রে বিজ্ঞপ্তির কপি সংযুক্ত করতে হবে। সিডিউলের প্রতি পৃষ্ঠায় দরদাতা কর্তৃক সীলমোহর এবং স্বাক্ষর করতে হবে।

১৬। দরপত্র কমিটি কর্তৃক দর গ্রহনের পর কৃতকার্য দরপত্রদাতার নামে এ দপ্তর কর্তৃক কার্যাদেশ জারী করা হবে। কার্যাদেশ জারীর ০৭(সাত) দিনের মধ্যে (চিঠি ইস্যুর তারিখ হতে) দরপত্রভুক্ত মালামালের উদ্ধৃতমোট মূল্য এবং মোট মূল্যের উপর ৫% হারে অগ্রিম আয়কর এবং ৫% হারে ভ্যাট ও অন্যান্য কর যদি থাকে চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমা দিয়ে সংশ্লিষ্ট দপ্তর হতে ডি.ও গ্রহন পূর্বক ১৫(পনের) দিনের মধ্যে সংশ্লিষ্ট এলএসডি হতে মালামাল উত্তোলন করতে হবে। নির্দিষ্ট মেয়াদের মধ্যে মালামাল উত্তোলনে ব্যর্থ হলে জামানতসহ মালামালের মূল্য বাবদ জমাকৃত অর্থ সরকারী খাতে বাজেয়াপ্ত করা হবে।

১৭। দরপত্রভুক্ত মালামালের সমুদয় মূল্য সরকারী বিধি মোতাবেক পরিশোধ না করে কোন মালামাল গুদাম চত্তর হতে অপসারন করা যাবে না।

চলমান পাতা-২

"দুটি সন্তানের বেশী নয়, একটি হলে ভাল হয়"

১৮। দরপত্র বিজ্ঞপ্তির কোন শর্ত/শর্তাবলী ভঙ্গ করা হলে সংশ্লিষ্ট দরপত্র বাতিল বলে গণ্য করা হবে।

১৯। দরপত্র কমিটি প্রয়োজন বোধে দরপত্র গ্রহনের তারিখ ও সময় পরিবর্তন করতে পারবেন।

২০। দরপত্র কমিটি কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র গ্রহন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

(কাজী সাইফুদ্দিন)
জেলা খাদ্য নিয়ন্ত্রক, নীলফামারী
ও
সদস্য সচিব
জেলা দরপত্র কমিটি
নীলফামারী।
ফোন ঃ-০৫৫১-৬১৪৪৮
email. dcf.nlf@gmail.com

স্মারক নং ঃ ১৩.০৮.৭৩০০.০০৬.৪৯.০১৭.১৮- ২২৬৯

তারিখ ঃ- ২৭/০৯/২০১৮ খ্রিঃ

১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

২। পরিচালক, প্রশাসন বিভাগ/চলাচল সংরক্ষণ ও সাইলো বিভাগ/ হিসাব ও অর্থ বিভাগ/সংগ্রহ বিভাগ/সরবরাহ বন্টণ ও বিপনণ বিভাগ/পরিদর্শণ উন্নয়ন ও কারিগরী সেবা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৩। জেলা প্রশাসক, নীলফামারী।

৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী/ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রংপুর/বরিশাল/সিলেট।

৫। পুলিশ সুপার, নীলফামারী।

৬। জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)............................................ (রংপুর বিভাগ)।

৭। সিষ্টেম এনালিষ্ট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। বিজ্ঞপ্তিটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

৮। নির্বাহী প্রকৌশলী, গণপুর্ত বিভাগ, নীলফামারী।

৯। জেলা তথ্য অফিসার, নীলফামারী। মাইকযোগে দরপত্র বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১০। মেয়র, নীলফামারী পৌরসভা।

১১। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সদর, নীলফামারী।

১২। সভাপতি চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, নীলফামারী।

১৩। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)............................................ নোটিশ বোর্ড, নীলফামারী - বহুল প্রচারের জন্য।

১৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল)............................................ নোটিশ বোর্ড, এলএসডি, নীলফামারী - বহুল প্রচারের জন্য।

১৫। নোটিশ বোর্ড, অত্র দপ্তর।

১৬। দপ্তর নথি।

২৭.০৯.১৮

জেলা খাদ্য নিয়ন্ত্রক, নীলফামারী
ও
সদস্য সচিব
জেলা দরপত্র কমিটি
নীলফামারী।